**অক্টোবর/২০২৫ মাসের দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীঃ**

| | |
|---|---|
| তারিখ ও সময় | : ১৩/১০/২০২৫, সকাল ১১:৩০ ঘটিকা |
| স্থান | : উপজেলা পরিষদের সভা কক্ষ |
| উপস্থিত ও অনুপস্থিতি | : পরিশিষ্ট "ক" |
| সভাপতি | : ঊর্মি রায়, প্রশাসক, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সেপ্টেম্বর/২০২৫ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়।
গত সভার কার্যবিবরণীতে কোন আপত্তি/সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

০১। **স্থানীয় সরকার বিভাগ (ইউনিয়ন পরিষদ):** সেপ্টেম্বর/২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণী সকল ইউ/পি হতে পাওয়া গেছে। (খ) চেয়ারম্যান, মোগলাবাজার ও মোল্লারগাঁও ইউনিয়ন পরিষদ সভায় মশার উপদ্রব বেড়ে যাওয়ায় মোগলাবাজার ও মোল্লারগাঁও ইউনিয়নের আওতাধীন গুরুত্বপূর্ণ অফিস/ভবন, হাটবাজার ও জনাকীর্ণ স্থানে মশার স্প্রে করার আহবান জানান। (গ) উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা সিলেট সভায় সিলাম ইউনিয়ন পরিষদের ২৬/০৯/২০২৪ তারিখের ২০২৪/২২৪ নং স্মারকের কার্যবিবরণীর সিদ্ধান্তের প্রেক্ষিতে ২৬/০৯/২০২৪ তারিখের ২০২৪/২২৫ নং স্মারক ও ২৩/০৯/২০২৪ তারিখের ১১০/২০২৫ নং স্মারকে প্রেরিত পত্রের আলোকে অত্র ইউনিয়নের দফাদার পদ শূন্য থাকায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দক্ষিণ সুরমা, সিলেট এর অদ্য ১৩/১০/২০২৫ তারিখের ১০৫৬ নং স্মারকে গ্রাম-পুলিশ নিয়োগ/পদোন্নতি কমিটির সভার কার্যবিবরণীর ১ নং সিদ্ধান্তের আলোকে সিলাম ইউনিয়নের ০৬ নম্বর ওয়ার্ডের মহল্লাদার জনাব মোঃ ছমিউর রহমান, পিতা-মৃত মখলিছুর রহমান, গ্রাম-তেলিপাড়া, ওয়ার্ড নং-০৩, ডাকঘর-সিলাম, উপজেলা- দক্ষিণ সুরমা, সিলেটকে সিলাম ইউনিয়ন পরিষদের দফাদারের শূন্য পদে পদোন্নতি দেয়ার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। আগামী ০১ নভেম্বর ২০২৫ তারিখ জনাব মোঃ ছমিউর রহমান'কে দফাদারের শূন্য পদে যোগদান করার নির্দেশনা প্রদান করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। (ঘ) গ্রামপুলিশ নিয়োগ/পদোন্নতি কমিটির সভার ২ নং সিদ্ধান্তে উপজেলার বিভিন্ন ইউনিয়নে মহল্লাদারের শূন্য পদে বিধি মোতাবেক লোক নিয়োগের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে মর্মে জানান। (ঙ) দাউদপুর ইউনিয়ন পরিষদের ০৭ নং ওয়ার্ডের মহল্লাদার জনাব রুমেল আহমদ বিগত ১৬/০৯/২০২৪ তারিখে কর্মরত অবস্থায় মৃত্যুবরণ করায় তাহার স্ত্রী কর্তৃক মৃত্যুকালীন আর্থিক পাওনা প্রদানের আবেদন দাউদপুর ইউনিয়ন পরিষদের ০৬/১০/২০২৪ তারিখের ২০২৪-৬৩ নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ করা হয়েছে মর্মে জানান। তেতলী ইউনিয়ন পরিষদের ০২ জন মহল্লাদার ১। জনাব মোঃ দিলু মিয়া ও ২। জনাব মোঃ মাসুক মিয়া নভেম্বর/২০২৪ মাসে অবসর গ্রহণ করেন। তেতলী ইউনিয়ন পরিষদের ১০/১২/২০২৪ তারিখের ২০২৪/১৪৬ নং স্মারকের প্রেরিত পত্রে অবসরপ্রাপ্ত ০২ জন মহল্লাদারের আনুতোষিক ভাতা প্রদানের সুপারিশ করা হয়েছে। স্থানীয় সরকার বিভাগ, ইউপি-২ শাখার ১৪/০২/২০১৬ তারিখের ৯৭ নং স্মারকে দফাদার পদে আনুতোষিক ভাতা হিসেবে এককালীন ৬০,০০০/- টাকা এবং মহল্লাদার পদে আনুতোষিক ভাতা হিসেবে এককালীন ৫০,০০০/- টাকা যার ৫০% সরকারি কোষাগার হতে এবং ৫০% ইউনিয়ন পরিষদের নিজস্ব তহবিল হতে পরিশোধের নির্দেশনা রয়েছে মর্মে জানান।

<u>সিদ্ধান্ত</u> : (ক) যথাযথভাবে নোটিশ দিয়ে মাসে অন্ততঃ একবার সাধারণ সভা করে সভার কার্যবিবরণী চৌদ্দ দিনের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসকের নিকট প্রেরণ করার জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।

(খ) মোগলাবাজার ও মোল্লারগাঁও ইউনিয়নের আওতাধীন গুরুত্বপূর্ণ অফিস/ভবন, হাটবাজার ও জনাকীর্ণ স্থানে মশার স্প্রে করার জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের মশা নিধন খাত হতে ২০,০০০/- ব্যয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) সিলাম ইউনিয়নের ০৬ নম্বর ওয়ার্ডের মহল্লাদার জনাব মোঃ ছমিউর রহমান, পিতা-মৃত মখলিছুর রহমান, গ্রাম-তেলিপাড়া, ওয়ার্ড নং-০৩, ডাকঘর-সিলাম, উপজেলা- দক্ষিণ সুরমা, সিলেটকে সিলাম ইউনিয়ন পরিষদের দফাদারের শূন্য পদে পদোন্নতি দেয়ার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঘ) গ্রামপুলিশ নিয়োগ/পদোন্নতি কমিটির সভার ২ নং সিদ্ধান্তে উপজেলার বিভিন্ন ইউনিয়নে মহল্লাদারের শূন্য পদে বিধি মোতাবেক লোক নিয়োগের জন্য নিয়োগ বিজ্ঞপ্তি আহবান করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঙ) দাউদপুর ইউনিয়ন পরিষদের মহল্লাদার মৃত জনাব রুমেল আহমদ ও তেতলী ইউনিয়ন পরিষদের মহল্লাদার ১। জনাব মোঃ দিলু মিয়া এবং ২। জনাব মোঃ মাসুক মিয়া এর আনুতোষিক ভাতা এককালীন ইউপি অংশ ৫০% বাবদ ২৫,০০০/- করে ইউনিয়ন পরিষদ স্থাবর সম্পত্তি হস্তান্তর কর ১% খাত হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং সরকারি অংশ ৫০% বাবদ ৫০,০০০/- করে পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, সিলেট মহোদয় বরাবর পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

<u>বাস্তবায়নে</u> : উপজেলা নির্বাহী অফিসার/ চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

০২। **প্রকৌশল বিভাগ (এলজিইডি):** উপজেলা প্রকৌশলী , দক্ষিণ সুরমা, সিলেট জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। উপজেলা প্রশাসনিক ভবনে ও উপজেলা পরিষদের অভ্যন্তরে অবস্থিত সরকারি অফিস সমূহ হতে বিধি মোতাবেক অফিস ভাড়া প্রদানের আহবান

জানান। উপজেলা পরিষদের বাসা-বাড়িতে বসবাসকারী সবাইকে নিয়মিত ভাড়া প্রদানের জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণকে সহযোগিতার আহবান জানান। উপজেলা প্রশাসনিক ভবনের পানিতে অত্যাধিক মাত্রায় আয়রণ থাকায় পানি খাওয়ার উপযুক্ত নয় মর্মে সভাকে অবহিত করেন। ভবনের ছাদে আয়রণ রিমোভাল স্থাপন করেও পানি খাবারের উপযুক্ত হয় নি মর্মে জানান। উপজেলা গেজেডেট কোয়ার্টারের ৩য় তলার পূর্ব পাশের ওয়াসরুমের পানির লাইন ও স্যানেটারী সামগ্রী মেরামত বাবদ=৩০০০/- ও দরজা মেরামত বাবদ =৩৮০০/- এবং প্রশাসনিক ভবনের ছাদে স্থাপিত আয়রণ রিমোভাল রক্ষণাবেক্ষন বাবদ=২৫,০০০/-, উপজেলা পরিষদের চারপাশ ও ভবনসমূহ পরিষ্কার পরিচ্ছন্নতা বাবদ=১০০০০/-, উপজেলা নন-গেজেটেড কোয়ার্টারের ৩য় তলার পূর্বপার্শ্বের ফ্লাটের মেরামত কাজ বাবদ=২,০০,০০০/- প্রয়োজন মর্মে সভাকে অবহিত করেন। উপস্থিত চেয়ারম্যানবৃন্দ সভায় জনগণের চাহিদার তুলনায় সরকারি বরাদ্দ (এডিপি/উন্নয়ন সহায়তা) সীমিত থাকায় উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (রাজস্ব উদ্বৃত) হতে অধিক প্রকল্প গ্রহণের আহবান জানান।

<u>সিদ্ধান্ত:</u> **(ক)** উপজেলা গেজেডেট কোয়ার্টারের ৩য় তলার পূর্ব পাশের ওয়াসরুমের পানির লাইন ও স্যানেটারী সামগ্রী মেরামত বাবদ=৩০০০/- (তিন হাজার টাকা) বিল উপজেলা পরিষদের বাসাবাড়ি, মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে ব্যয় পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**(খ)** উপজেলা গেজেডেট কোয়ার্টারের ৩য় তলার ও দরজা মেরামত বাবদ =৩৮০০/- (তিন হাজার আটশত টাকা মাত্র) বিল উপজেলা পরিষদের বাসাবাড়ি, মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে ব্যয় পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**(গ)** উপজেলা প্রশাসনিক ভবনের ছাদে স্থাপিত আয়রণ রিমোভাল রক্ষণাবেক্ষন বাবদ=২৫,০০০/- (পঁচিশ হাজার টাকা মাত্র) বিল উপজেলা পরিষদের বাসাবাড়ি, মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে ব্যয় পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**(ঘ)** উপজেলা প্রশাসনিক ভবনে ও উপজেলা পরিষদের অভ্যন্তরে অবস্থিত সরকারি অফিস সমূহ বিধি মোতাবেক প্রতিমাসে রুমপ্রতি ১০০/- (একশত টাকা মাত্র) ভাড়া উপজেলা পরিষদ বাড়ি ভাড়ার হিসাব, হিসাব নম্বর-২১২১০২০০০০২৭১, সোনালী ব্যাংক লিঃ, খালোমুখ শাখা, সিলেট এ জমা করতঃ জমা রশিদ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিলের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঙ) উপজেলা নন-গেজেটেড কোয়ার্টারের ৩য় তলার পূর্বপার্শ্বের ফ্লাটের মেরামত কাজ বাবদ=২,০০,০০০/- (দুই লক্ষ টাকা মাত্র) বিল উপজেলা পরিষদের বাসাবাড়ি, মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে ব্যয় পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(চ) উপজেলা পরিষদের বাসা-বাড়িতে বসবাসকারী সবাই যাতে নিয়মিত ভাড়া প্রদান করেন এ বিষয়ে সহযোগিতার জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণকে অনুরোধ করা হয়।

(ছ) উপজেলা পরিষদের চারপাশ ও ভবনসমূহ পরিষ্কার পরিচ্ছন্নতা বাবদ=১০০০০/- (দশ হাজার টাকা মাত্র) বিল বর্জ্য ব্যবস্থাপনা/পরিষ্কার পরিচ্ছন্নতা খাত হতে ব্যয় পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(জ) উপজেলা প্রশাসনিক ভবনের প্রতি তলায় ০১টি করে খাবার পানির ফিল্টার স্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

<u>বাস্তবায়নে:</u> প্রশাসক, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/সংশ্লিষ্ট (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

**০৩। <u>প্রকল্প বাস্তবায়ন বিভাগ</u> :** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। ২০২৫-২৬ অর্থবছরে টিআর, কাবিটা তালিকা পাওয়া গেছে মর্মে সভাকে অবহিত করেন। প্রকল্প সাইট ভিজিটের জন্য প্রকল্প সভাপতির নাম ও মোবাইল নম্বর প্রদানের অনুরোধ জানান।

<u>সিদ্ধান্ত:</u> **(ক)** ২০২৫-২৬ অর্থবছরে টিআর, কাবিটা খাতে দাখিলকৃত প্রকল্পের সাইট ভিজিটের জন্য প্রকল্প সভাপতির নাম ও মোবাইল নম্বর প্রদানের জন্য সংশ্লিষ্ট সবাইকে অনুরোধ করা হয়।

<u>বাস্তবায়নে:</u> প্রশাসক, উপজেলা পরিষদ/উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/, চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

**০৪। <u>স্বাস্থ্য বিভাগ</u> :** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। টাইফয়েড এর টিকা প্রদান চলমান রয়েছে মর্মে জানান। কোন কারনে রেজিঃ করতে না পারলেও হাতের লেখা টিকা কার্ডের মাধ্যমে টিকা প্রদান করা হবে মর্মে সভাকে অবহিত করেন। টিকা কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

**০৫। <u>পরিবার পরিকল্পনা বিভাগ</u> :** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

**০৬। <u>কৃষি বিভাগ</u> :** উপজেলা কৃষি অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।

**০৭। <u>প্রাণি সম্পদ বিভাগ</u> :** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

**০৮। <u>মৎস্য বিভাগ</u> :** উপজেলা মৎস্য কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট সভায় সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি।

০৯। **প্রাথমিক শিক্ষা বিভাগ** : উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।

১০। **মাধ্যমিক শিক্ষা বিভাগ:** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।

১১। **সমাজসেবা বিভাগ:** উপজেলা সমাজসেবা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।

১২। **সমবায় বিভাগ:** উপজেলা সমবায় অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।

১৩। **মহিলা বিষয়ক বিভাগ** : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি।

১৪। **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ** : সহকারী প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।

১৫। **পল্লী উন্নয়ন বিভাগ** : **উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,** দক্ষিণ সুরমা, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি।

১৬। **যুব উন্নয়ন বিভাগ** : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।

১৭। **পরিবেশ ও বন বিভাগ** : ডেপুটি রেঞ্জ অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি।

১৮। **পরিসংখ্যান বিভাগ** : উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।

১৯। **বিদ্যুৎ বিভাগ** : সহকারী জেনারেল ম্যানেজার, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১, দক্ষিণ সুরমা, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি।

২০। তথ্য কেন্দ্র : তথ্যসেবা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।

২১। **বিবিধ ১:** প্রশাসক, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা সিলেট সভায় স্ব-স্ব দপ্তরের আঙ্গিনা পরিষ্কার/পরিচ্ছন্ন রাখার জন্য সকল দপ্তর প্রধানকে অনুরোধ জানান। ইউনিয়ন পরিষদের আওতাধীন খননযোগ্য খালের তালিকা প্রেরণ ও মোগলাবাজারসহ উপজেলা উল্লেখযোগ্য বাজারসমূহ পরিষ্কার/পরিচ্ছন্ন রাখার জন্য চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ জানান। দক্ষিণ সুরমা উপজেলা পরিষদ অফিসে দৈনিক মুজুরী ভিত্তিতে ০২ জন অফিস সহায়ক (০১। ফাতেমা আক্তার শাম্মী- ফেব্রুয়ারিঃ ২০১৮ হতে বর্তমান ও ০২। আতিক আহমদ- আগস্ট-২০২৪ হতে বর্তমান) কর্মরত আছে। স্থানীয় সরকার মন্ত্রণালয়, উপজেলা-১ শাখা কর্তৃক ইতোঃপূর্বে অত্র উপজেলা পরিষদে অফিস সহায়ক নিয়োগের নিমিত্তে প্রশাসনিক অনুমোদন প্রদান করা হলেও অফিস সহায়ক নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হয় নি। স্থানীয় সরকার বিভাগ এবং অর্থ বিভাগের বিভিন্ন সময়ে জারীকৃত দৈনিক মুজুরী হার নির্ধারণ সংক্রান্ত পরিপত্র অনুযায়ি নিম্নরূপ ০২ জন অফিস সহায়কের বকেয়া মুজুরী সংক্রান্ত দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে তাদের বকেয়া মজুরী বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। (পরিশিষ্ট 'খ' দ্রষ্টব্য।)

**সিদ্ধান্ত** : (ক) আলোচ্য বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(খ) অর্থ বিভাগ কর্তৃক বিভিন্ন সময়ে জারীকৃত পরিপত্রের আলোকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উপজেলা পরিষদে অনিয়মিত অদক্ষ শ্রমিক হিসেবে দৈনিক মুজুরী ভিত্তিতে কর্মরত (০২) অফিস সহায়কের উল্লেখিত বকেয়া মুজুরী বাবদ =৬,৪৪,৩০০/- (ছয় লক্ষ চৌয়াল্লিশ হাজার তিনশত টাকা মাত্র) প্রদান এবং উপজেলা পরিষদে অফিস সহায়ক নিয়োগ না হওয়া পর্যন্ত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে দৈনিক ভিত্তিতে মুজুরী ০২ জন অফিস সহায়কের মুজুরী প্রদানের নিমিত্ত পরবর্তী নির্দেশনা প্রদানের জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে:** প্রশাসক, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/সংশ্লিষ্ট (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

**সভাপতি মহোদয়ের সমাপনী বক্তব্য** : ঊর্মি রায়, প্রশাসক, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট অদ্যকার সভায় উপস্থিত থাকার জন্য ইউ/পি চেয়ারম্যানগণ/প্রশাসক এবং সকল বিভাগীয় কর্মকর্তাদের ধন্যবাদ জ্ঞাপন করেন। পর্যায়ক্রমে প্রত্যেক দপ্তরের গত মাসের কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে খোঁজ-খবর নেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ঊর্মি রায়
প্রশাসক
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট

পরিশিষ্ট 'খ' দ্রষ্টব্য

| ক্রং নং | অফিস সহায়কদের নাম | কর্মকালীন সময় (দিন হিসেবে) | পরিশোধিত টাকার পরিমাণ | পরিপত্র মোতাবেক নির্ধারিত টাকার পরিমাণ | পরিপত্র মোতাবেক বকেয়া টাকা ও কর্মকাল | সর্বমোট বকেয়া টাকার পরিমানে |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ফাতেমা আক্তার শাম্মী (দৈনিক মুজুরী ভিত্তিতে কর্মরত) | ফেব্রুয়ারি-২০১৮ হতে অক্টোবর-২০২০ পর্যন্ত মোট ৬৭৯ দিন | ১৮০/- | ০১ ২৪/০৫/২০১৬ তারিখের জারীকৃত পরিপত্র মোতাবেক =৪০০/- টাকা | ২২০/- টাকা হারে ৬৭৯ দিন =১,৪৯,৩৮০/- | ৫,৪১,৭০০/- |
| | | নভেম্বর-২০২০ হতে জুন-২০২৫ পর্যন্ত মোট ১১২২ দিন) | | ০২। ১২/১০/২০২০ তারিখের জারীকৃত পরিপত্র মোতাবেক =৫০০/- টাকা | ৩২০/- টাকা হারে ১১২২ দিন =৩,৫৯,০৪০/- | |
| | | জুলাই-সেপ্টেম্বর ২০২৫ মাসের মোট ৬৪ দিন | | ০৩। ২২/০৫/২০২৫ তারিখের জারীকৃত পরিপত্র মোতাবেক =৭০০/- টাকা | ৫২০ টাকা হারে ৬৪ দিন =৩৩,২৮০/- | |
| ০২ | আতিক আহমেদ (দৈনিক মুজুরী ভিত্তিতে কর্মরত) | আগস্ট-২০২৪ হতে জুন-২০২৫ পর্যন্ত মোট ২১৫ দিন | ১৮০/- | ১২/১০/২০২০ তারিখের জারীকৃত পরিপত্র মোতাবেক =৫০০/- টাকা | ৩২০/- টাকা হারে ২১৫ দিন =৬৮,৮০০/- | ১,০২৬,০০/- |
| | | জুলাই-সেপ্টেম্বর ২০২৫ মাসের মোট ৬৫ দিন | | ০৩। ২২/০৫/২০২৫ তারিখের জারীকৃত পরিপত্র মোতাবেক =৭০০/- টাকা | ৫২০ টাকা হারে ৬৫ দিন =৩৩,৮০০/- | |
| | | | | | সর্বমোট টাকা | ৬,৪৪,৩০০/- |

স্মারক নং- ০৫.৪৬.৯১৩১.০০০.৪০.০১২.২৪-১০৫১ তারিখঃ ১৩ অক্টোবর, ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৪। জেলা প্রশাসক, সিলেট।
৫। প্রশাসক, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
৬। নির্বাহী প্রকৌশলী ........................................................................................সিলেট।
৭। উপ-পরিচালক ........................................................................................সিলেট।
৮। উপজেলা ..............................................................................কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট।
৯। সহকারী প্রোগ্রামার, দক্ষিণ সুরমা, সিলেট (পরিষদের মাসিক সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
১০। চেয়ারম্যান ...........................................................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।
১১। জনাব/বেগম..................................... সদস্য..............................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

উর্মি রায়
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট।
ফোন: ০২৯৯৬৬৪৬৯১৩

<u>পরিশিষ্ট 'ক' সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা: স্বাক্ষরের ক্রমানুসারে</u>

| উপস্থিত জনপ্রতিনিধিঃ | অনুপস্থিত জনপ্রতিনিধিঃ |
| --- | --- |
| ০১। প্রশাসক, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | ০১। চেয়ারম্যান, ৯নং দাউদপুর ইউপি, দক্ষিণ সুরমা, সিলেট |
| ০২। প্রশাসক, ৬নং লালাবাজার ইউপি, দক্ষিণ সুরমা, সিলেট | ০২। চেয়ারম্যান, ৩নং তেতলী ইউপি, দক্ষিণ সুরমা, সিলেট |
| ০৩। চেয়ারম্যান, ০১নং মোল্লারগাঁও ইউপি, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ০৪। চেয়ারম্যান, ৫নং সিলাম ইউপি, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ০৫। চেয়ারম্যান, ৭নং জালালপুর ইউপি, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ০৬। চেয়ারম্যান, ৮নং মোগলাবাজার ইউপি, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ০৭।চেয়ারম্যান, ১০ নং কামালবাজার ইউপি, দক্ষিণ সুরমা, সিলেট | |
| **উপস্থিত কর্মকর্তা:** | **অনুপস্থিত কর্মকর্তা:** |
| ০১। উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | ০১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট |
| ০২। উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা,সিলেট | ০২। উপজেলা মৎস্য কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট |
| ০৩। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, দক্ষিণ সুরমা,সিলেট | ০৩। ফরেস্টার, দক্ষিণ সুরমা, সিলেট |
| ০৪। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | ০৪। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট |
| ০৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | ০৫। সহকারী জেনারেল ম্যানেজার, পবিস-১, দক্ষিণ সুরমা, সিলেট |
| ০৬। উপজেলা সমাজসেবা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ০৭। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ০৮। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ০৯। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১০। উপজেলা কৃষি অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১২। উপজেলা সমবায় অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১৩। উপজেলা স্বাস্থ্য ও পরিঃপরিঃ কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১৪। সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১৫। তথ্যসেবা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১৬। ইউডিএফ, ইউজিডিপি, দক্ষিণ সুরমা, সিলেট | |